গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৩ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | | |
| ০২. | সংগ্রহকারী দপ্তরের নাম | | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩ শাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা। | | |
| ০৩. | দরপত্র নং | | ০৯.৩১৩.০০৭.০০.০০.০১৮.২০১৪-১৮১ | | |
| ০৪. | কি জন্য আহবান করা হয়েছে | | কম্পিউটার ও ফটোকপিয়ারের টোনার/কালি ক্রয়। | | |
| ০৫. | সংগ্রহ পদ্ধতি | | পিপিআর -২০০৮ এর উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) (Frame work চুক্তি মোতাবেক সরবরাহ করতে হবে)। | | |
| ০৬. | বাজেট এবং অর্থের উৎস | | রাজস্ব খাত। | | |
| ০৭. | দরপত্র প্রকাশের তারিখ | | ১৩/০৮/২০১৪ ইং। | | |
| ০৮. | দরপত্র সিডিউল বিতরণের শেষ তারিখ/সময় | | ২৮/০৮/২০১৪ (বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত )। | | |
| ০৯. | দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় | | ৩১/০৮/২০১৪ (দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত)। | | |
| ১০. | দরপত্র খোলার তারিখ ও সময় | | ৩১/০৮/২০১৪ (দুপুর ১২.৩০ মিনিট)। | | |
| ১১. | দরপত্র প্রাপ্তি ও খোলার স্থান | | ব্লক-১০, কক্ষ-১৮, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা। | | |
| ১২. | দরদাতার যোগ্যতাঃ | | সিডিউল গ্রহণের আবেদনের সময় নিম্নলিখিত মূল কাগজপত্রগুলো প্রদর্শন করতে হবে এবং ঐ সকল কাগজপত্রের ফটোকপি ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরপত্রের সাথে দাখিল করতে হবেঃ (১) ট্রেড লাইসেন্স (হাল-নাগাদ নবায়নকৃত), (২) আয়কর রিটার্ণ দাখিলের সনদপত্র হালনাগাদ (৩) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (পিপিআর-২০০৮ এর বিধি-১০০ প্রযোজ্য হবে), (৪) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, (৫) সংশ্লিষ্ট কাজের ৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদপত্র। | | |
| ১৩. | দরপত্র সিডিউলের মূল্যঃ | | ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) । | | |
| ১৪. | ক্রমিক নং | নাম | দরপত্র জামানতের পরিমাণ (ফেরতযোগ্য) | দরপত্র জামানত দাখিলের নিয়ামাবলী | সরবরাহের মেয়াদকাল |
| | ০১. | কম্পিউটার ও ফটোকপিয়ার টোনার | ১০,০০০/- (দশ হাজার) টাকা | বাংলাদেশের যে কোনো সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে সিনিয়র সহকারী সচিব (প্রশা:৩), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থমন্ত্রণালয় এর অনুকূলে দাখিল করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। | Frame Work চুক্তির শর্ত মোতাবেক। |
| ১৫. | যোগাযোগের ঠিকানা | | সিনিয়র সহকারী সচিব (প্রশাঃ ৩), (ব্লক-১০/১৮), ফোনঃ ৯১১৯৫৭৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থমন্ত্রণালয়। | | |
| ১৬. | **বিশেষ নির্দেশাবলীঃ** নিম্নস্বাক্ষরকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল করার ক্ষমতা রাখেন, দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে দর অংকে এবং কথায় লিখতে হবে ও মোট টাকা উল্লেখ করতে হবে, এই দরপত্রের সকল কার্যক্রম "The Public Procurement Act-2006" ও "The Public Procurement Regulation-2008" মোতাবেক পরিচালিত হবে এবং অনিবার্য কারণবশত: যদি নির্ধারিত তারিখ ও সময় দরপত্র গ্রহণ সম্ভব না হয় তবে পরবর্তী কার্যদিবসে একই সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে। | | | | |

২৬/৮/১৪
(নুসরাত নোমান)
সিনিয়র সহকারী সচিব (প্রশা: ৩)

GD-3112

---

Export Promotion Bureau Bangladesh

# রপ্তানী উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫

## টেন্ডার নোটিশ

রপ্তানী উন্নয়ন ব্যুরো পরিচালিত "এক জেলা এক পণ্য" কর্মসূচির আওতায় দিনাজপুর জেলার পাঁপড়ের রপ্তানী উন্নয়নে কমন ফ্যাসিলিটি হিসেবে দেশীয় প্রযুক্তির একটি কস্ট ইফেকটিভ ড্রায়ারের ডিজাইন তৈরী, ড্রায়ার নির্মাণ, সরবরাহ, স্থাপন এবং কমিশনিং-এর লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক) দৈনিক চার মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন ড্রায়ার তৈরী;
খ) ড্রায়ারটি বিদ্যুৎ চালিত হবে;
গ) ড্রায়ারটি ৭/৮ স্তর বিশিষ্ট সর্বোচ্চ ২০ ফুট দৈর্ঘ্যের মধ্যে নির্মিত হবে;
ঘ) কনভেয়ার বেল্ট-এ ম্যানুয়ালী কাঁচা পাঁপড় প্রবাহিত করার সুযোগ সৃষ্টি;
ঙ) কক্ষ তাপমাত্রা এবং ড্রায়ারের স্বাভাবিক তাপমাত্রার সাথে সমন্বয় করে ড্রায়ারের চেম্বারের তাপমাত্রা স্বয়ংক্রিয় উপায়ে নিয়ন্ত্রণের মাধ্যমে তাপ নিয়ন্ত্রণ করে পাঁপড় শুকানোর প্রয়োজনীয় তাপমাত্রা সুনির্দিষ্টকরণের সুযোগ সৃষ্টি;
চ) ড্রায়ারের ভিতর তাপমাত্রা নির্দেশক ব্যবস্থাসহ নির্দিষ্ট তাপমাত্রার অতিরিক্ত তাপ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবার সুবিধা সৃষ্টি;
ছ) স্বয়ংক্রিয়ভাবে কনভেয়ার বেল্ট ঘূর্ণায়নের সুযোগ সৃষ্টি; এবং
জ) ব্যবহারকারী নিরাপত্তা নিশ্চিতের সুযোগ সৃষ্টি;
ঝ) ড্রায়ার স্থাপনের পর ড্রায়ার পরিচালনার বিষয়ে রপ্তানী উন্নয়ন ব্যুরো নির্ধারিত ব্যক্তিদের ড্রায়ার চালনা বিষয়ে ০২ (দুই) সপ্তাহের প্রশিক্ষণ প্রদান;
ঞ) দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নিজস্ব টেকনিক্যাল জনবল থাকতে হবে;
ট) দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের সমজাতীয় কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

০২। আগামী ০৮-০৯-২০১৪ তারিখ (সোমবার) দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত রপ্তানী উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয়ের (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা) অভ্যর্থনা কেন্দ্রে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং একই দিন বেলা ১২.৩০ মিনিটে দাখিলকৃত দরপত্রসমূহ উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। **ড্রায়ারের বিষয়ে আগ্রহী দরপত্রদাতাগণ টেকনিক্যাল কমিটির আগামী ২৬-০৮-২০১৪ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত ব্রিফিং সভায় উপস্থিত থেকে কারিগরী বিষয়াদিসহ ড্রায়ার তৈরী সংক্রান্ত অন্যান্য বিষয়াদি অবহিত হতে পারবেন।**

০৩। রপ্তানী উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয়ের (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা) হিসাব শাখা হতে সকল কার্যদিবসে ০৭-০৯-২০১৪ তারিখ পর্যন্ত প্রতিটি টেন্ডার সিডিউল টাকা ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে। রপ্তানী উন্নয়ন ব্যুরোর অনুকূলে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩% হারে দরপত্র জামানত বাবদ অর্থ দরপত্রের সাথে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) মারফত দাখিল করতে হবে।

০৪। ব্যুরো কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এক/একাধিক/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরোর পণ্য উন্নয়ন বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

**পরিচালক**
পণ্য উন্নয়ন বিভাগ
রপ্তানী উন্নয়ন ব্যুরো

জিডি-৩১০৮

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা-১০০০
www.publiclibrary.gov.bd, Fax # 8628205

পড়িলে বই আলোকিত হই
না পড়িলে বই অন্ধকারে রই

## পুস্তক ক্রয়ের তালিকা আহবান বিজ্ঞপ্তি

গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহের জন্য ২০১৪-১৫ অর্থ বছরে টেক্সট ও রেফারেন্স পুস্তকসহ বিভিন্ন বিষয়ের দেশি ও বিদেশি পুস্তক ক্রয়ের নিমিত্ত পুস্তক প্রকাশক, পরিবেশক ও লেখকদের নিকট হতে অক্টোবর ২০১২ থেকে সেপ্টেম্বর ২০১৪ এর মধ্যে মুদ্রিত/প্রকাশিত পুস্তকের নমুনা কপিসহ তালিকা আহবান করা যাচ্ছে। (বিদেশি পুস্তকের ক্ষেত্রে প্রকাশনার সময়কাল ও নমুনা কপি শিথিলযোগ্য)। প্রকাশক কর্তৃক প্রদত্ত তালিকার সাথে প্রকাশকের হালসনের ট্রেড লাইসেন্স এবং ২০১৩-১৪ কর বর্ষের আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। **দেশি বইয়ের ক্ষেত্রে গুরুত্ব অনুসারে তালিকা প্রণয়নপূর্বক সর্বাধিক ৬০টি বই তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে**। তালিকায় অন্তর্ভুক্ত বইয়ের ৪০% অবশ্যই পাঠ সহায়ক হতে হবে। **গত ২০১৩-১৪ অর্থ বছরে যে সমস্ত পুস্তক ক্রয় করা হয়েছে সে সমস্ত পুস্তক তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না**। আগ্রহী প্রকাশক, পরিবেশক ও লেখকদের নিম্নবর্ণিত ছক অনুযায়ী ১৪ (চৌদ্দ) কপি তালিকা এবং তালিকার সফট কপির সিডি আগামী ৩০.০৯.২০১৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

"দেশি পুস্তকের ছক"

| ক্র নং | লেখকের নাম | | শিরোনাম | প্রকাশকের নাম, ঠিকানা ও সেলফোন | প্রকাশের তারিখ | সংস্করণ | পৃষ্ঠা সংখ্যা | বিষয় | মূল্য | আইএসবিএন | কাগজের ধরণ | বাঁধাইয়ের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নামের ১ম অংশ | নামের শেষ অংশ | | | | | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

"বিদেশি পুস্তকের ছক"

| S/N | Author | | Title | Publisher's Address and Website | Date of Publication | Edition | Page Number | Subject | Price | ISBN | Type of Paper | Type of Bindings | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | First Name | Last Name | | | | | | | | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |

**শর্তাবলীঃ**

১। প্রকাশকের তালিকাটি MS Excel ফাইলে প্রদত্ত ছক অনুযায়ী হতে হবে এবং বাংলায় লেখাগুলো অবশ্যই ইউনিকোড ফন্ট হিসাবে Sutonny BanglaOMJ অথবা Nikosh অথবা Solaimanlipi ব্যবহার করতে হবে। এক্ষেত্রে অভ্র সফটওয়ার ব্যবহার করতে হবে।
২। লেখকের নামের যদি ১ম অংশ বা শেষাংশ না থাকে তাহলে (-) ব্যবহার করতে হবে।
৩। তালিকার কোন ফিল্ডে তথ্যের পুনরাবৃত্তি হলে সম্পূর্ণ তথ্যটি লিখতে হবে (ঐ অথবা do ব্যবহার করা যাবে না)।
৪। তালিকার ৬নং কলামে অর্থাৎ প্রকাশের তারিখ এর ঘরে মাসের নাম পুরোপুরি ইংরেজিতে লিখতে হবে। মূল্য এবং পৃষ্ঠা সংখ্যা ইংরেজিতে লিখতে হবে। তালিকার ১০নং কলামে মূল্য অংকে লিখতে হবে। মূল্যের ঘরে "টাকা" বা "/-" চিহ্ন দেয়া যাবে না।
৫। প্রদত্ত ছকের তথ্যগুলো সঠিকভাবে উপস্থাপন করতে হবে। কোনক্রমেই ছক পরিবর্তন করা যাবে না। **ছক পরিবর্তন করা হলে তালিকা গ্রহণ করা হবে না।**
৬। **উপরোক্ত ছক গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবপোর্টাল www.publiclibrary.gov.bd এর ডাউনলোড ফরম ও নীতিমালা মেনু থেকে Booklist2013-14.xls** ফাইলটি ডাউনলোড করে বর্ণিত ছক মোতাবেক তালিকাটি তৈরি করা যাবে।

মোঃ হাফিজুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৬৭১২৩৪
e-mail: dg.dpl.2012@gmail.com

জিডি-৩০৯৮

---

Government of the People's Republic of Bangladesh
Ministry of Finance
Economic Relations Division
Japan-4 Branch
Sher-e-Bangla Nagar, Dhaka
www.erd.gov.bd

## Scholarship for Higher Study in Japan

Invitation of Application for Japanese Grant Aid for Human Resource Development Scholarship (JDS)
14th batch in Bangladesh

Applications are invited from all cadres of Bangladesh Civil Service (BCS) and Bangladesh Bank Class-1 officials to study Masters Program in Japan.

**General Information about the Scholarship:**

- Degree: Master's Degree (Two years courses) in seven universities of Japan
- Language of Instruction: English
- Maximum number of Scholarships: 15 (fifteen)
- Expenses: JDS covers full tution fees to university, living expenses, air ticket, research, other expenses as per JDS Rules and Guidelines

**Areas of Study:**

- Bangladesh Civil Service (BCS) Cadre officials can apply for
  Development of Capacity for Public Administrative Government
  Development of Capacity for Economics Planning and Policy
  Development of Legal Capacity and Policy
  Development of Capacity for Urban and Rural Planning and Policy
  Development of Capacity for Public Finance and Investment Management
- Bangladesh Bank Class-1 officers can apply for
  Development of Capacity for Economics Planning and Policy
  Development of Capacity for Public Finance and Investment Management

**Qualifications:**

- Members of Bangladesh Civil Service (BCS) Cadre and Bangladesh Bank Class-1 officials have to be confirmed in the service and should have 2 years of work experience by March 31, 2015
- Bangladeshi nationals below 40 years of age as on April 1, 2015 (Born on/after April 2, 1975)
- Completed 16 years school education with at least Bachelor's Degree (at least two First Divisions or equivalent with no Third Division)
- Have a good command of both written and spoken English (preferably IELTS 6.0)
- For other detailed information, please visit website: **http://jds-scholarship.org/**

**Disqualification: To plagiarize somebody's works or websites for preparation of the Research Proposal is strongly prohibited.**

**Selection Procedures:**

- Documents screening by Japanese Universities
- Technical Interview by Japanese University Professor in Dhaka
- Comprehensive Interview by JDS Operating Committee in Dhaka
- Selection results will be informed from JICE JDS project office only

**Expected date of Departure:**

- August, 2015

All necessary information and Application Documents are available in JDS website from **August 18th, 2014**:
**http://jds-scholarship.org/**

**Closing date of Submission Application is 17:00 on Thursday, October 16, 2014**
Application Documents must be submitted by local post, courier or handed to:
**JICE JDS Project Office in Bangladesh**
L-261, The Pan Pacific Sonargaon, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh
Telephone: (02) 8140401 Extension-4261, 4973
(Sunday to Thursday 09:00 to 12:30 and 13:30 to 17:00)

(AKM Aftab Hossain Pramanik)
Deputy Secretary
Phone: 9145469

GD-3113

---

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/৮৭৮৭ তারিখঃ ১৩/০৮/২০১৪খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

**সহকারী অধ্যাপক (বেতন স্কেল: ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০/-): বাংলা-০১, পদার্থবিজ্ঞান-০১, রসায়ন-০১ ও পরিসংখ্যান-০১**
**শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর পরীক্ষার যে কোন একটিতে ১ম শ্রেণী/সমমান অথবা সিজিপিএ/জিপিএ ৩.৫০ থাকতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার যে কোন একটিতে ন্যূনতম ১ম বিভাগ/সমমান জিপিএ থাকতে হবে।
**অভিজ্ঞতা:** আবেদনকারীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ০৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে কমপক্ষে ০১ (এক)টি প্রকাশনা থাকতে হবে।

**প্রভাষক (বেতন স্কেল: ১১০০০-৪৯০×৭-১৪৪৩০/-): বাংলা-০১ ও প্রত্নতত্ত্ব-০১**
**শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর যেকোন একটিতে ১ম শ্রেণী ও অপরটিতে ৫৫% নম্বরসহ দ্বিতীয় শ্রেণী থাকতে হবে অথবা উভয়টিতে সিজিপিএ/জিপিএ ৩.৫০ থাকতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ১ম বিভাগ অথবা যে কোন একটিতে জিপিএ ৪.০০ ও অপরটিতে জিপিএ ৩.৫০ থাকতে হবে।

**প্রভাষক (বেতন স্কেল: ১১০০০-৪৯০×৭-১৪৪৩০/-): একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্-০২ ও ব্যবস্থাপনা শিক্ষা-০১**
**শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/বিবিএ ও স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রিধারী হতে হবে। স্নাতক (সম্মান)/বিবিএ ও স্নাতকোত্তর/এমবিএ পর্যায়ের উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৩.৭০ থাকতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ১ম বিভাগ অথবা জিপিএ ৪.০০ থাকতে হবে।

**প্রভাষক (বেতন স্কেল: ১১০০০-৪৯০×৭-১৪৪৩০/-): পদার্থবিজ্ঞান-০১, রসায়ন-০১ ও পরিসংখ্যান-০১**
**শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীর উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ/জিপিএ ৩.৬০ থাকতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ১ম বিভাগ অথবা জিপিএ ৪.০০ থাকতে হবে।

**শর্তাবলী:**

০১। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.cou.ac.bd) অথবা রেজিস্ট্রার দপ্তর থেকে সংগ্রহ করতে হবে।
০২। সকল আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা' বরাবর ০৪/০৯/২০১৪খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) ডাকযোগে পৌঁছাতে হবে।
০৩। (ক) সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের প্রার্থীদেরকে ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) সকল পরীক্ষার সনদপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।
০৪। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
০৫। **মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।**
০৬। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
০৭। **প্রত্যেক প্রার্থীকে তাঁর প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।**
০৮। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯। রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে **জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের প্রার্থীদেরকে ৫০০/-(পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।**
১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন, পদের সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মজিবুর রহমান মজুমদার
রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

জিডি- ৩১০৩